গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৭.৩১.৩৩৩.২০২১(অংশ-১).

তারিখ: ২৯/১২/২০২২ খ্রি.

বিষয়: ২০২৩ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণিতে সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তি সংক্রান্ত।

সূত্র: ১। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭১.০৯.০০১.১১(অংশ-১).৪৫৬; তারিখ: ০৫ ডিসেম্বর ২০২২ খ্রি.
২। শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এর স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.০৬.০২১.১৬(অংশ-১).৩২৬; তারিখ: ০৮ ডিসেম্বর ২০২২ খ্রি.
৩। বিভিন্ন অভিভাবকের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষে সরকারি (সকল) ও বেসরকারি (মহানগরী ও জেলার সদর উপজেলা পর্যায়) মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষার্থী ভর্তি নীতিমালা- ২০২২ জারি করা হয়েছে। উক্ত নীতিমালায় সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তি সংক্রান্ত বিষয়টি স্পষ্টীকরণ করা হয়েছে। নীতিমালায় ভর্তি কমিটি আবেদন যাচাই-বাছাই করে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে উল্লেখ রয়েছে। ঢাকা মহানগরীর প্রতিষ্ঠানসমূহের ক্ষেত্রে অভিভাবক ও সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর কোটায় ভর্তিচ্ছুদের ভর্তির বিষয়টি সহজীকরণের লক্ষ্যে শুধুমাত্র সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তির জন্য নিম্নোক্তভাবে যাচাই-বাছাই উপ-কমিটি গঠন করা হলো।

ঢাকা মহানগরী সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তির যাচাই-বাছাই উপ-কমিটি:

(ক) অধ্যক্ষ/প্রধান শিক্ষক	আহবায়ক (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)
(খ) সহকারী প্রধান শিক্ষক/সিনিয়র শিক্ষক	সদস্য (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)
(গ) সহকারী শিক্ষক	সদস্য (সংশ্লিষ্ট প্রতিষ্ঠান)

২। গঠিত উপ-কমিটি ভর্তি নীতিমালা- ২০২২ এর আলোকে ঢাকা মহানগরী সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তির আবেদন যাচাই-বাছাই করে ভর্তির জন্য সুপারিশ করবেন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর আবেদনসমূহ যাচাইকালে নিম্নোক্ত বিষয়সমূহ যাচাই-বাছাই করতে হবে:

২.১ ২০২৩ শিক্ষাবর্ষে ১ম শ্রেণি হতে ৯ম শ্রেণিতে কোন শিক্ষা প্রতিষ্ঠানে আবেদন করেছে কিন্তু ভর্তির জন্য নির্বাচিত হতে পারেনি এমন শিক্ষার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে;

২.২ উক্ত প্রতিষ্ঠানে পূর্ব থেকে অধ্যয়নরত সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর বিষয়ে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রে পিতা-মাতার নাম, জন্ম তারিখ, অধ্যয়নরত শ্রেণি, শিক্ষার্থীর আইডি নম্বর উল্লেখ থাকতে হবে;

২.৩ আবেদনের সাথে ভর্তিচ্ছু শিক্ষার্থীর জন্ম সনদের সত্যায়িত কপি, জন্ম সনদের অনলাইন কপি, পিতা-মাতার জন্ম সনদ ও জাতীয় পরিচয়পত্র সকল মূল কপির সাথে মিলিয়ে দেখতে হবে;

২.৪ পিতা/মাতা কর্তৃক সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর বিষয়ে একটি লিখিত অঙ্গীকারনামা থাকতে হবে;

২.৫ এ সুবিধা কোন দম্পতির সর্বোচ্চ ০২ (দুই) সন্তানের ক্ষেত্রে প্রযোজ্য হবে;

২.৬ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে তাঁর প্রতিষ্ঠানে সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর প্রাপ্ত আবেদনসমূহ নিষ্পত্তি করে ১৫/০১/২০২৩ তারিখের মধ্যে তালিকা করে ঢাকা মহানগরী ভর্তি কমিটি'র সভাপতি বরাবর প্রেরণ করতে হবে;

২.৭ সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তির বিষয়ে অভিভাবক কর্তৃক দাখিলকৃত প্রতিটি আবেদনসহ প্রয়োজনীয় কাগজপত্র যথাযথভাবে যাচাই-বাছাই করতে হবে। যাচাই পরবর্তী কোন আবেদন ভর্তির জন্য বিবেচিত না হলে তার উপযুক্ত কারণ উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।

৩। এছাড়া ঢাকা মহানগরী ব্যতীত অন্যান্য মহানগরী ও জেলার শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে ভর্তি নীতিমালা- ২০২২ এ গঠিত কমিটি সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তির আবেদন উল্লিখিত নির্দেশনার আলোকে যাচাই-বাছাই করে ভর্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৪। অনুচ্ছেদ ২ এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী কাগজপত্র যাচাই-বাছাই করে সঠিক থাকার পরও সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন-কে ভর্তি করা না হলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে সংশ্লিষ্টরা দায়ী থাকবেন।

এমতাবস্থায়, সহোদর/সহোদরা বা যমজ ভাই/বোন এর ভর্তির বিষয়ে উপরোল্লিখিত নির্দেশনা বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৯.১২.২০২২
(মোহাম্মদ আজিজ উদ্দিন)
উপপরিচালক (মাধ্যমিক)
ও
সদস্য-সচিব
ঢাকা মহানগরী সরকারি ও বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ভর্তি কমিটি
☎ ০২-৪১০৫০২৮৩

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
১। সরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল
২। বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়, সকল
৩। সরকারি ও বেসরকারি স্কুল এন্ড কলেজ, সকল

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-
১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
[দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাধ্যমিক ১ ও ২)
২। জেলা প্রশাসক (সকল)
৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল
৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৫। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাউশি অধিদপ্তর, ঢাকা [পত্রটি মাউশি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা [পত্রের মর্মানুযায়ী বাস্তবায়নের অনুরোধসহ]
৭। উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা
৮। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা [পত্রের মর্মানুযায়ী বিষয়টি বাস্তবায়নের অনুরোধসহ]
৯। পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [মহপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১০। পিএ টু পরিচালক(মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা [পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]
১১। সংরক্ষণ নথি